চুয়াডাঙ্গায় চুরিকৃত ট্রাকসহ দর্শনার আলোচিত চোর রিয়াজ আটক

চুয়াডাঙ্গা সদরের বেগমপুরের ইউনিয়ন পরিষদের পাশে পাবনা দাসুরিয়া থেকে চুরিকৃত ট্রাক সহ আন্ত:জেলা ট্রাক চোর সিন্ডিকেটের হোতা রিদয় ওরফে রিয়াজকে (২৭) আটক করে পুলিশে দিয়েছে স্থানীয় জনতা।

আজ রোববার সকাল সাড়ে ১০ টার দিকে তাকে আটক করা হলেও তার সাথে থাকা দর্শনার আকন্দবাড়িয়ার নতুনপাড়ার সাইদ নামমের একজন পালিয়ে গিয়েছে। আটককৃত রিয়াজ দর্শনা মহাম্মদপুরের শফি মিস্ত্রীর ছেলে।

জানাগেছে, গতকাল শনিবার রাত সাড়ে ১১ টার দিকে পাবনা জেলার দাসুরিয়া এলকা থেকে গোলাপ মালিথার ছেলে বাচ্চু মালিথার একটি ট্রাক (রেজি নং:-ঢাকা মেট্রো ট-২০-৮০৩১) চুরি হয়ে যায়। ট্রাক চুরির ঘন্টা খানেক পর ট্রাকটির সন্ধান চালাতে থাকে মালিক পক্ষ। ওই রাতে ট্রাকটির কোন হদিচ না পেয়ে, গতকাল রোববার ভোর রাতে চুয়াডাঙ্গা সদরের হিজলগাড়ি বাজারের বিশিষ্ট মোবাইল ব্যবসায়ী রাসেল হোসেন কে বিষয়টি জানায়। সকাল থেকে রাসেল চুরিকৃত ট্রাকটির সন্ধান চালাতে থাকে।

সকাল সাড়ে ১০ টার দিকে জানতে পারে বেগমপুর ইউনিয়ন পরিষদের সামনে রাস্তার পাশে একটি ট্রাক পড়ে আছে। রাসেল সহ স্থানীয় লোকজন ঘটনাস্থলে ছুটে এসে রেজিষ্ট্রেন নম্বর দেখে বুঝতে পারে এটাই সেই চুরিকৃত ট্রাক। ট্রাকটির চাকা খোলার প্রস্তুতি নিচ্ছিল চোর রিয়াজ। লোকজন দেখে এসময় চোর রিয়াজ পাশে বেগমপুর বাওড়ে ঝাপ দিয়ে পালানোর চেস্টা করলে স্থানীয় জনতা তাকে ধাওয়া করে আটক করে। চোর রিয়াজ বলে ট্রাক চুরির সাথে আকন্দবাড়িয়া গ্রামের নতুনপাড়ার সাইদও জড়িত। পরে স্থানীয় জনতা দর্শনা থানা পুলিশকে খবর দিলে পুলিশ তাকে গ্রেফতার করে এবং চুরিকৃত ট্রাকটি জব্দ করে।

দর্শনা থানার ওসি শহিদ তিতুমীর সাথে যোগাযোগ করা হলে, তিনি ঘটনা সত্যতা নিশ্চিত করেন।